স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — জুন ও ডিসেম্বর, ২০০৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (পঞ্চম পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ—ক

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) 'চড়ক' নিবন্ধে গৃহীত কালীপ্রসন্নের ভাষারীতি সম্পর্কে আলোচনা করুন।

খ) 'বইকেনা' এবং 'বইপড়া'—প্রবন্ধদুটির তুলনামূলক আলোচনা করুন।

গ) শূদ্রজাগরণ প্রবন্ধটির প্রথমাংশের সাথে দ্বিতীয়াংশের তুলনামূলক আলোচনা করুন।

ঘ) 'গীতিকাব্য' প্রবন্ধের দ্বিতীয়াংশে বঙ্কিমচন্দ্রের মূল বক্তব্য সম্পর্কে লিখুন।

ঙ) রাজনীতি বিষয়ক প্রবন্ধগুলিতে রবীন্দ্রনাথের ভাষা ব্যবহার ও প্রকাশরীতির পরিচয় দিন।

বিভাগ—খ

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) ইংরেজ সম্পর্কে রবীন্দ্রনাথের প্রথম জীবনের বিশ্বাসের সঙ্গে শেষ জীবনের বিশ্বাসের তুলনা করুন।

খ) বঙ্কিমচন্দ্রের 'বিবিধ প্রবন্ধ' এবং রবীন্দ্রনাথের 'বিচিত্র প্রবন্ধ'—এই দুই গ্রন্থে প্রবন্ধ আখ্যাটির যে ভিন্নতা ঘটেছে, সে সম্পর্কে আলোচনা করুন।

গ) বঙ্কিমচন্দ্রের অনুসরণে Independence এবং Liberty অভিধাদুটির ব্যাখ্যা করুন।

ঘ) সংস্কৃতির রূপান্তর বলতে প্রাবন্ধিক অন্নদাশঙ্কর কী বুঝিয়েছেন?

ঙ) 'শূদ্রজাগরণ' প্রবন্ধটির সারকথা সূত্রাকারে আলোচনা করুন।

চ) 'পতঙ্গ' প্রবন্ধটিতে বঙ্কিমচন্দ্রের মানবচরিত্র সম্পর্কে বিশ্লেষণ উন্মোচন করুন।

বিভাগ—গ

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) 'আল্লামা বিল কলামি'—কথাটির প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করুন।

খ) 'সভ্যতার সঙ্কট' প্রবন্ধের শিরোনামের তাৎপর্য আলোচনা করুন।

গ) 'আমরা কি হিন্দুর মেয়ে যে, পুড়িয়া মরিতে পাব না?'—প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করুন।

ঘ) 'পরসম্বন্ধীয়' এবং 'আত্মসম্বন্ধীয়' বিষয়দুটির মধ্যে পার্থক্য কী?

ঙ) 'বাজে কথা' প্রবন্ধটিতে রবীন্দ্রনাথের অভিনব দৃষ্টিকোণ ব্যাখ্যা করুন।

চ) 'য়ুরোপের শুভবুদ্ধি আপনার 'পর বিশ্বাস হারিয়েছে।'—এই উক্তি ব্যাখ্যা করুন।

ছ) 'যে যত বেশি ভুবন সৃষ্টি করতে পারে, যন্ত্রণা এড়াবার ক্ষমতা তার ততই বেশি হয়।'—প্রসঙ্গ নির্দেশপূর্বক ব্যাখ্যা করুন।

জ) কেন ব্রিটিশ শাসনব্যবস্থায় ভারতবাসী 'জড়' হয়ে পড়েছে?

———